# এইচএসসি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা-প্রথম পত্র    বিষয় কোড: | ২ | ৯ | ২ |

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট    সৃজনশীল প্রশ্ন    পূর্ণমান — ৬০

*[দ্রষ্টব্য: দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]*

১. ▶ আবির হোসেন একটি মাল্টি ন্যাশনাল কোম্পানিতে অর্থ ব্যবস্থাপক হিসেবে কর্মরত। তাকে কোম্পানির মূলধন সংগ্রহ থেকে শুরু করে চলতি মূলধন ব্যবস্থাপনা, অর্থসংস্থান সিদ্ধান্ত, অর্থায়ন নীতিমালা ও মূলধন বাজেটিং এর মতো গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ করতে হয়। শুধু তাই নয় প্রতিষ্ঠানের মুনাফা ও সম্পদ সর্বোচ্চকরণের প্রতিও খেয়াল করতে হয় অত্যন্ত সতর্কতার সাথে। তার গৃহিত পদক্ষেপে প্রতিষ্ঠানের শেয়ারের মূল্য ক্রমাগত বৃদ্ধি পাচ্ছিল। কিন্তু প্রতিষ্ঠানের এমডি সাহেব তাতেও খুশি নয় কারণ তিনি প্রতিষ্ঠানের মুনাফা আরো বৃদ্ধি করতে চান এবং একই সাথে শেয়ারহোল্ডারদের লভ্যাংশ প্রদান কমিয়ে দিতে চান। ফলে আবির হোসেনের সাথে এমডি সাহেবের বিরোধ দেখা দিল এবং এমডি সাহেব তার সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য আবির হোসেনকে নির্দেশ দিল।

ক. সরকারি অর্থায়ন বলতে কী বোঝ? ১
খ. পোর্টফোলিও বৈচিত্রায়নের নীতিমালা ব্যাখ্যা কর। ২
গ. এমডি সাহেবের মুনাফা সর্বোচ্চকরণের পক্ষে যুক্তিসহ ব্যাখ্যা কর। ৩
ঘ. 'সম্পদ সর্বাধিকরণ লক্ষ্য সংশ্লিষ্ট সকল পক্ষের স্বার্থ পূরণ করে।' ব্যাখ্যা কর। ৪

২. ▶ একটি দেশের সার্বিক উন্নতিতে আর্থিক বাজারের ভূমিকা খুবই গুরুত্বপূর্ণ। এ জন্য প্রয়োজন আর্থিক বাজারের দুটি শাখা মুদ্রা বাজার ও মূলধন বাজারের মধ্যে সুষম সমন্বয়। এ দুটি শাখার মধ্যে কোন একটি শাখা অকার্যকর থাকলে দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি স্থবির হয়ে পড়ে। এ দুটি বাজারের কার্যক্রম নিয়ন্ত্রণের জন্য দুটি তদারকি সংস্থাও রয়েছে। এরূপ একটি সংস্থার দায়িত্বে রয়েছে জনাব স্বপন কুমার বালা। তিনি সরকার কর্তৃক নিয়োগকৃত একজন ব্যক্তি এবং তিনি তার দায়িত্ব সুচারুরূপে পালন করে চলেছেন।

ক. আর্থিক বাজার কী? ১
খ. মুদ্রা বাজারের চারটি বৈশিষ্ট্য লিখ? ২
গ. পুঁজি বাজার যে সকল প্রতিষ্ঠানের মাধ্যমে উহাদের কার্যক্রম পরিচালনা করে তাদের কার্যাবলী আলোচনা কর। ৩
ঘ. জনাব স্বপন কুমার বালা এর দায়িত্বপ্রাপ্ত প্রতিষ্ঠানটির কার্যক্রম আলোচনা কর। ৪

৩. ▶ ঘটনা—১: রাকিব একটি প্রকল্প ৫০,০০০ টাকা ৫ বছরের জন্য বিনিয়োগ করতে চায়, যেখানে বার্ষিক সুদের হার ১২%।
ঘটনা—২: জনাব আজিজ প্রতি মাসের শুরুতে আগামী ১০ বছর ধরে ২০০০ টাকা করে মার্কেন্টাইল ব্যাংকে জমা রাখছে। যদি সুদের হার ১০% হয়।

ক. সুযোগ ব্যয় কী? ১
খ. অর্থের সময় মূল্য নির্ধারনে বিবেচ্য বিষয়গুলি কী কী ব্যাখ্যা কর। ২
গ. জনাব রাকিবের প্রাপ্ত টাকার পরিমাণ কত হবে যদি— ১) বার্ষিক চক্রবৃদ্ধিকরণ হয়; ২) ত্রৈমাসিক চক্রবৃদ্ধিকরণ হয় এবং ৩) মাসিক চক্রবৃদ্ধিকরণ হয়। ৩
ঘ. ১০ বছর পর ব্যাংকে জনাব আজিজের কত টাকা জমা হবে? ৪

http://teachingbd.com

৪. ▶ উদ্দীপক—১: অজিত ১০ বছর ধরে প্রতি বছর শেষে ১,০০,০০০ টাকা করে পেতে চায়। লংকাবাংলা লিমিটেড-এ জমার উপর ১৫% হারে চক্রবৃদ্ধি সুদ প্রদান করা হয়।

উদ্দীপক—২: প্রিমিয়াম ব্যাংকে সঞ্চয়ী হিসাবে সাধারণ সুদের হার ১০%।

ক. কার্যকরী সুদের হার বলতে কী বোঝ? ১

খ. চক্রবৃদ্ধিকরণ ও বাট্টাকরণ বলতে কী বোঝ? ২

গ. মি: অজিতকে তার উদ্দেশ্য বাস্তবায়নে লংকাবাংলা লি.-এ বর্তমানে কত টাকা জমা রাখতে হবে? ৩

ঘ. কার্যকরী সুদের হার নির্ণয় কর যদি অর্ধবার্ষিক, ত্রৈমাসিক, মাসিক বা সাপ্তাহিক ভিত্তিতে সুদ ধার্য করা হয়। ৪

৫. ▶ নিচে মেহেরীন ফ্যাশন লি.-এর তুলনামূলক উদ্বৃত্তপত্র ও অন্যান্য তথ্যাবলী প্রদত্ত হলো:

| দায়সমূহ | ২০১২ | ২০১৩ | সম্পদ সমূহ | ২০১২ | ২০১৩ |
|---|---|---|---|---|---|
| শেয়ার মূলধন | ১,৬৪,০০০ | ২,১৪,০০০ | হাতে নগদ | ২২,০০০ | ৬৩০০০ |
| রক্ষিত আয় | ১,৩৪,০০০ | ১,৯৯,০০০ | প্রাপ্য হিসাব | ৭৬,০০০ | ৭৫,০০০ |
| প্রদেয় বন্ড | ২,০০,০০০ | ১,৫০,০০০ | মজুদ পণ্য | ১,৮৯,০০০ | ১,৮০,০০০ |
| প্রদেয় হিসাব | ৪৭,০০০ | ৩৪,০০০ | ভূমি | ১,০০,০০০ | ৭৫,০০০ |
| | | | সরঞ্জাম | ২,০০,০০০ | ২,৬০,০০০ |
| | | | পূঞ্জিভূত অবচয় | (৪২,০০০) | (৬৬,০০০) |
| | ৫,৪৫,০০০ | (৫,৯৭,০০০) | | ৫,৪৫,০০০ | (৫,৯৭,০০০) |

অন্যান্য তথ্যাবলি. ক) ২০১৩ ইং সালের নিট লাভ ১,০৫,০০০ টাকা। খ) নগদে লভ্যাংশ প্রদান ৪০,০০০ টাকা। গ) অবচয় খরচের পরিমাণ ২৪,০০০ টাকা। ঘ) সারা বছরে বন্ড নিরস্তকরণ ৫০,০০০ টাকা। ঙ) চলতি বছরে শেয়ার ইস্যুর পরিমাণ ৫০,০০০ টাকা।

ক. উদাহরণসহ অনগদ খরচের সংজ্ঞা দাও। ১

খ. মেহেরীর ফ্যাশন লি.-এর বিনিয়োগ কার্যক্রমের পরিমাণ নির্ণয় কর। ২

গ. মেহেরীন ফ্যাশন লি.-এর অর্থসংস্থান কার্যক্রমের পরিমাণ নির্ণয় কর। ৩

ঘ. মেহেরীন ফ্যাশন লি.-এর পরিচালন কার্যক্রমের পরিমাণ নির্ণয় কর। ৪

৬. ▶ ঘটনা—১: অপ্সরা লি. চলতি মূলধনের প্রয়োজন ১০০ টাকা লিখিত মূল্যের বাণিজ্যিক পত্র ৫% অবহারে বাজারে বিক্রয় করতে চায়। প্রতিটি বাণিজ্যিক পত্রের বিল খরচ ২ টাকা এবং বাণিজ্যিক পত্রগুলো ৪ মাস পর পরিশোধ্য।

ঘটনা—২: নীল সবুজ ইলেকট্রনিক্স লি.-এলইডি মনিটর বিক্রয় করে থাকে। সারা বছর তাদের প্রত্যাশিত বিক্রয়ের পরিমাণ ৩১,২৫০ একক। ফরমায়েশ প্রতি ব্যয় ৫০০ টাকা এবং প্রতিটি মনিটরের বহন খরচ ২০ টাকা।

ক. ব্যবসায় ঋণ বলতে কী বোঝা? ১

খ. মজুদ পণ্য ব্যবস্থাপনা সম্পর্কে বুঝিয়ে লেখ। ২

গ. অপ্সার লি.-এর বাণিজ্যিক পত্রের ব্যয় নির্ণয় কর। ৩

ঘ. নীল সবুজ ইলেকট্রনিক্স লি.-এ নিম্নলিখিত তথ্যগুলো নির্ণয় কর: ৪
(১) মিতব্যয়ী ফরমায়েশের পরিমাণ (২) বার্ষিক ফরমায়েশের পরিমাণ (৩) গড় মজুদের পরিমাণ (৪) মোট মজুদ ব্যয়।

http://teachingbd.com

৭. ▶ প্রেক্ষিত—১: মিম বিস্কুট কোম্পানি লি. ১৫% সুদের হারে ২,০০০ টাকা লিখিত মূল্যে ঋণপত্র ইস্যু করে। ঋণপত্রটি ১০% প্রিমিয়ামে পরিশোধ করা হবে। কিন্তু বর্তমানে ৫% বাট্টায় বিক্রয় করা হয়। উত্তরণ ব্যয় ২%। কর্পোরেট করের হার ৩৫%, মেয়াদকাল ৫ বছর।

প্রেক্ষিত—২: এ্যাপোলো কোম্পানির মূলধন কাঠামো নিম্নরূপ:

| মূলধনের উৎস | মূলধনের পরিমাণ (টাকা) |
|---|---|
| ১২% ঋণপত্র | ১০,০০,০০০ |
| ১০% অগ্রাধিকার শেয়ার | ৪,০০,০০০ |
| সাধারণ শেয়ার | ১০,০০,০০০ |
| মোট মূলধন | ২৪,০০,০০০ |

কোম্পানির সাধারণ শেয়ারের বর্তমান বাজার মূল্য ১২০ টাকা। কোম্পানি শেয়ার প্রতি ১৫ টাকা হারে লভ্যাংশ প্রদান করে। লভ্যাংশ বৃদ্ধির হার ৫%। কর্পোরেশ করের হার ৩০%।

ক. মূলধন ব্যয় বলতে কী বোঝ? ১

খ. 'ঋণ তহবিল সর্বাপেক্ষা কম ব্যয়যুক্ত মূলধনের উৎস'—ব্যাখ্যা কর। ২

গ. মীম কোম্পানির ইস্যুকৃত ঋণপত্রের ব্যয় নির্ণয় কর। ৩

ঘ. এ্যাপোলো কোম্পানির গুরুত্ব প্রদত্ত গড় মূলধন ব্যয় নির্ণয় কর। ৪

৮. ▶ জনাব সালমান একটি বিনিয়োগ প্রকল্পের জন্য ১,০০,০০০ টাকা ব্যয়ে একটি মেশিন ক্রয় করবেন, ৫ বছর পর যার নিঃশেষ মূল্য থাকবে ২০,০০০ টাকা। প্রকল্প হতে আগামী ৫ বছর অবচয় ও কর পূর্ব মুনাফা অর্জিত হবে যথাক্রমে ২৪,০০০ টাকা, ২৮,০০০ টাকা, ৩২,০০০ টাকা, ৪০,০০০ টাকা ও ৪৫,০০০ টাকা। কোম্পানিকে আয়ের উপর ৪০% কর প্রদান করতে হয় এবং মেশিনটির অবচয় সরল রৈখিক পদ্ধতিতে ধার্য করা হয়।

ক. মূলধন বাজেটিং বলতে কি বোঝ? ১

খ. মূলধন বাজেটিং এর সিদ্ধান্তগুলি কী কী বুঝিয়ে লিখ। ২

গ. জনাব সালমান এর প্রকল্পের পে-ব্যাক পিরিয়ড নির্ণয় কর। ৩

ঘ. জনাব সালমান এর প্রকল্পের গড় মুনাফার হার নির্ণয় কর। ৪

৯. ▶ জয়পতাকা লি.-একটি বিনিয়োগ প্রকল্পের কথা ভাবছে যার জন্য প্রয়োজন হবে ৫০,০০০ টাকা। যদি প্রকল্পটির মূলধন ব্যয় ১০% হয়।

| বছর | নগদ আন্ত: প্রবাহ (টাকা) |
|---|---|
| ১ | ১০,০০০ |
| ২ | ১৩,০০০ |
| ৩ | ১৬,০০০ |
| ৪ | ১৫,০০০ |
| ৫ | ১৭,০০০ |
| মোট= | ৭১,০০০ |

ক. নীট বর্তমান মূল্য কী? ১

খ. আন্তআয় পদ্ধতির সিদ্ধান্ত গ্রহণের ভিত্তি কী? ব্যাখ্যা কর। ২

গ. জয়পতাকা লি.-এর বিনিয়োগ প্রকল্পটি গ্রহণযোগ্য কিনা নীট বর্তমান মূল্য বিবেচনা করে মূল্যায়ন কর। ৩

ঘ. আন্তঃআয় হার বিবেচনা করে জয়পতাকা লি.-এর বিনিয়োগ প্রকল্প মূল্যায়ন কর। ৪

http://teachingbd.com

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা-প্রথম পত্র: বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট　　　পূর্ণমান — ৪০　　　বিষয় কোড: ২ ৯ ২

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. মুনাফা সর্বাধিকরণ একটি ব্যবসায় প্রতিষ্ঠানের আর্থিক সিদ্ধান্তের মূল—
ক) চাবিকাঠি　খ) মাপকাঠি
গ) চালিকাশক্তি　ঘ) জীবনীশক্তি

২. ব্যবস্থাপকীয় অর্থায়নে অর্থনীতির কোন মৌলিক নীতি অনুসৃত হয়?
ক) প্রান্তিক বিশ্লেষণ
খ) অপ্রাচুর্য নীতি
গ) ক্রমহ্রাসমান উপযোগ বিধি
ঘ) ক্রমবর্ধমান উপযোগ বিধি

৩. ব্যবসায়ের মূল উদ্দেশ্য—
i. মুনাফা অর্জন
ii. পণ্য উৎপাদন ও বিক্রয়
iii. সম্পদ সর্বাধিকরণ
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii　খ) i ও iii
গ) ii ও iii　ঘ) i, ii ও iii

৪. অর্থায়ন তহবিলের সুষ্ঠু ব্যবহারের মাধ্যমে লাভবান হয়—
i. ক্রেতা
ii. ব্যবসায়ী
iii. বিনিয়োগকারী
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii　খ) i ও iii
গ) ii ও iii　ঘ) i, ii ও iii

৫. সমচ্ছেদ বিন্দুর ওপর কী অর্জিত হয়?
ক) আয়　খ) ব্যয়
গ) দায়　ঘ) সম্পত্তি

৬. ঋণ পরিশোধ তালিকার ধাপ কয়টি?
ক) ২　খ) ৩
গ) ৪　ঘ) ৫

৭. ৩/১০ নিট ৩০ শর্তের ক্ষেত্রে—
i. বাট্টার সময় ১০ দিন
ii. নগদ বাট্টার হার ৩%
iii. ঋণের মেয়াদ ৩০ দিন
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii　খ) i ও iii
গ) ii ও iii　ঘ) i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ৮ ও ৯ নং প্রশ্নের উত্তর দাও।**
রহিমা বেগম তার ছেলের ভবিষ্যৎ লেখাপড়ার খরচ মেটানোর জন্য প্রতি বছর শেষে ১০,০০০ টাকা করে ১০ বছর যাবৎ একটি সঞ্চয়ী হিসাবে জমা করেন।

৮. সুদের হার ১২% হলে মেয়াদ শেষে বার্ষিক বৃত্তির ভবিষ্যৎ মূল্য কত হবে?
ক) ১,৭৪,৫৮৭ টাকা　খ) ১,৭৫,৪৮৭ টাকা
গ) ১,৭৮,৪৫৭ টাকা　ঘ) ১,৭৮,৫৪৭ টাকা

৯. রহিমা বেগম প্রতি বছরের শুরুতে ব্যাংকে জমা করলে ১২% হার সুদে বার্ষিক বৃত্তির ভবিষ্যৎ মূল্য কত হবে?
ক) ১,৯৬,৫৪৬ টাকা　খ) ১,৯৬,৬৪৬ টাকা
গ) ১,৯৬,৫৫৬ টাকা　ঘ) ১,৯৬,৫৬৬ টাকা

১০. ইক্যুইটি মূলধনের উদাহরণ হচ্ছে—
i. ঋণপত্র
ii. সাধারণ শেয়ার
iii. অগ্রাধিকার শেয়ার
নিচের কোনটি সঠিক?
ক) i　খ) ii
গ) ii ও iii　ঘ) i, ii ও iii

১১. EOQ হচ্ছে—
ক) Economic Order Quantity
খ) Economic Order Quality
গ) Economic Order Qulify
ঘ) কোনটিই নয়

১২. যদি প্রকৃত আয় প্রত্যাশিত আয় অপেক্ষা কম হয়। তবে তাকে কী বলে?
ক) বিনিয়োগ　খ) মুনাফা
গ) ঝুঁকি　ঘ) ক্ষতি

১৩. জনাব বদরুল একটি বন্ড ইস্যু করেছেন। যার বিপরীতে তিনি ৭০ টাকা সুদ প্রদান করেছেন। বন্ডটির কোনো নির্দিষ্ট মেয়াদকাল নেই। তবে এটি হতে প্রত্যাশিত আয়ের হার ১০%। বন্ডটির মূল্য কত?
ক) ৭,০০০ টাকা　খ) ৭০০ টাকা
গ) ৭০ টাকা　ঘ) ৭ টাকা

**উদ্দীপকটি পড়ো এবং ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও।**

| ব্যাংকের নাম | সুদের হার | চক্রবৃদ্ধি |
|---|---|---|
| সোনালী | ১০.৪০% | মাসিক |
| জনতা | ১০.২০% | ত্রৈমাসিক |
| রূপালি | ১০.৩০% | দ্বিবার্ষিক |
| অগ্রণী | ১০% | বার্ষিক |

১৪. জনতা ব্যাংকের কার্যকরী সুদের হার কত?
ক) ১০.৪৭%　খ) ১০.৬০%
গ) ১০.৭০%　ঘ) ১০.৭৭%

১৫. উদ্দীপকে উল্লিখিত কোন ব্যাংকের আমানত সংগ্রহের ব্যয় বেশি?
ক) সোনালী　খ) রূপালি
গ) জনতা　ঘ) অগ্রণী

**উদ্দীপকটি পড়ো এবং ১৬-১৮ নং প্রশ্নের উত্তর দাও।**
জনাব X তার ব্যবসায়ের প্রয়োজনে পূবালী ব্যাংক হতে ১০% বার্ষিক চক্রবৃদ্ধি সুদে ১,০০,০০০ টাকা ঋণ গ্রহণ করেন। যা ৪টি সমান কিস্তিতে পরিশোধযোগ্য। অন্যদিকে বার্ষিক ৮% সরল সুদে AB ব্যাংক হতে ৪ বছরের জন্য আরো ১,০০,০০০ টাকা ঋণ গ্রহণ করেন যা মেয়াদ শেষে এককালীন পরিশোধযোগ্য।

১৬. জনাব X ঋণ পরিশোধ বাবদ পূবালী ব্যাংককে প্রতিটি কিস্তিতে কত টাকা প্রদান করতে হবে?
ক) ১৩,৫৪৭ টাকা　খ) ৩১,৪৫৭ টাকা
গ) ৩৫,১৪৭ টাকা　ঘ) ৩৪,৫১৭ টাকা

১৭. মেয়াদ শেষে মি. X কে AB ব্যাংককে কত টাকা পরিশোধ করতে হবে?
ক) ১,৩৫,০৪৯ টাকা　খ) ১,৩৬,০৪৯ টাকা
গ) ১,৩৭,০৪৯ টাকা　ঘ) ১,৩৮,০৪৯ টাকা

১৮. মি. X এর জন্য কোন ব্যাংক হতে ঋণ গ্রহণ লাভজনক হবে?
ক) AB ব্যাংক　খ) পূবালী ব্যাংক
গ) উভয় ব্যাংক　ঘ) কোনটিই নয়

http://teachingbd.com

১৯. স্বতঃস্ফূর্ত অর্থায়নের উৎস কোনটি?
ⓚ ব্যাংক ঋণ ⓚ ব্যবসায় ঋণ
ⓖ জমাতিরিক্ত ⓖ ঘূর্ণায়মান ঋণ

২০. বার্ষিক বৃত্তি হলো—
i. বর্তমান মূল্য
ii. স্থিতিশীল মূল্য
iii. ভবিষ্যৎ মূল্য
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

২১. শেয়ার থেকে প্রাপ্ত আয়কে কী বলে?
ⓚ লভ্যাংশ ⓚ সুদ
ⓖ মুনাফা ⓖ আয়

২২. সুযোগ ব্যয় বৃদ্ধি পেলে বিনিয়োগকারীদের প্রত্যাশিত আয়ের হার কী হয়?
ⓚ বৃদ্ধি পায় ⓚ হ্রাস পায়
ⓖ অপরিবর্তিত থাকে ⓖ দ্বিগুণ হয়

২৩. বিটা দ্বারা কী পরিমাপ করা হয়?
ⓚ মোট ঝুঁকি ⓚ বাজার ঝুঁকি
ⓖ মোট আয় ⓖ অবাজার ঝুঁকি

২৪. কাম্য মূলধন কাঠামো হচ্ছে—
ⓚ ফার্মের সর্বোচ্চ মূল্য
ⓚ ফার্মের সর্বনিম্ন ব্যয়
ⓖ ফার্মের সর্বোচ্চ মূল্য ও সর্ব নিম্ন ব্যয়
ⓖ ফার্মের সর্বোচ্চ ব্যয় ও সর্ব নিম্ন মূল্য

২৫. পোর্টফোলিও বিষয়টি সর্বপ্রথম উদ্ভাবন করেন—
ⓚ I. M. Pandey ⓚ L.J. Giman
ⓖ Harry Markwits ⓖ J.C Have Horn

২৬. আমদানি-রপ্তানির ক্ষেত্রে গুরুত্বপূর্ণ দলিল হচ্ছে—
ⓚ Letter of Credit ⓚ Letter for Credit
ⓖ Letter of Cash ⓖ Letter for Cash

২৭. বর্তমানে তুমি কত টাকা বিনিয়োগ করবে যদি ৬ বছর পর ১০% সুদে ১০,০০০ টাকা গ্রহণ করতে চাও?
ⓚ ৭,৬৪৮ টাকা ⓚ ১৭,৭১৬ টাকা
ⓖ ৫,৬৪৪ টাকা ⓖ ৮,৭৫৮ টাকা

২৮. আর্থিক ঝুঁকি যে সব বিষয়ের উপর নির্ভর করে তা হলো—
i. ঋণ মূলধনের পরিমাণ
ii. করের হার
iii. বিক্রয়ের পরিমাণ
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

২৯. কার্যকরী সুদের হার নির্ণয়ের সূত্র হলো—
ⓚ $EIR = (১ + r)^n - 1$
ⓚ $EIR = \left(১ + \frac{r}{m}\right)^m - 1$
ⓖ $EIR = \left(১ + \frac{r}{m}\right)^m + 1$
ⓖ সবগুলো

৩০. যে বন্ডের কোন নির্দিষ্ট মেয়াদকাল থাকে না তাকে বলে—
ⓚ কুপন বন্ড ⓚ জিরো কুপন বন্ড
ⓖ ফেরতযোগ্য বন্ড ⓖ অফেরতযোগ্য বন্ড

৩১. ARR এর অসুবিধাসমূহ হলো—
i. অর্থের সময়মূল্য বিবেচ্য নয়
ii. অব্যবহৃত নগদ প্রবাহ
iii. সব আয় বিবেচ্য
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

৩২. নিচের কোনটির পরিবর্তন দ্বারা সমচ্ছেদ বিন্দু প্রভাবিত হয় না?
ⓚ প্রতি ইউনিট বিক্রয়
ⓚ প্রতিটি ইউনিট পরিবর্তনশীল ব্যয়
ⓖ স্থির ব্যয়
ⓖ বিক্রয়ের পরিমাণ

৩৩. মুদ্রাস্ফীতির ফলে কোন ধরনের ঝুঁকি সৃষ্টি হয়?
ⓚ ব্যবসায়িক ⓚ আর্থিক
ⓖ তারল্য ⓖ বাজার

৩৪. প্রান্তিক মূল্যের অপর নাম কী?
ⓚ বর্তমান মূল্য ⓚ বার্ষিক বৃত্তি
ⓖ ভবিষ্যৎ মূল্য ⓖ অগ্রিম মূল্য

উদ্দীপকটি পড়ো এবং ৩৫-৩৭ নং প্রশ্নের উত্তর দাও।
একটি প্রকল্পের প্রারম্ভিক বিনিয়োগ ১,০০,০০০ টাকা। ভগ্নাবশেষ মূল্য ২৫,০০০ টাকা। প্রত্যাশিত আয়ুষ্কাল ৫ বছর। নগদ আন্তঃপ্রবাহ যথাক্রমে ২০,০০০, ২৫,০০০, ৩০,০০০, ৩৫,০০০ এবং ৫০,০০০ টাকা।

৩৫. প্রকল্পের বার্ষিক অবচয়ের পরিমাণ কত?
ⓚ ১৫,০০০ টাকা ⓚ ২০,০০০ টাকা
ⓖ ২৫,০০০ টাকা ⓖ ৩৫,০০০ টাকা

৩৬. প্রকল্পের পে-ব্যাক সময় কত?
ⓚ ৩.৮ বছর ⓚ ৪.৮ বছর
ⓖ ৮.৪ বছর ⓖ ৮ বছর

৩৭. প্রকল্পটির গড় মুনাফার হার কত হবে?
ⓚ ৩৬.০০% ⓚ ৫১.২০%
ⓖ ৩২৭.৫২০% ⓖ ৩৭.০০%

উদ্দীপকটি পড়ো এবং ৩৮ ও ৩৯ নং প্রশ্নের উত্তর দাও।
জনাব সাকিব দুটি কোম্পানিতে যথাক্রমে ১ লক্ষ এবং ৩ লক্ষ টাকা বিনিয়োগ করেছেন। কোম্পানি দুটির প্রত্যাশিত আয়ের হার ১২% এবং ১৪।

৩৮. উদ্দীপকে দ্বিতীয় কোম্পানির ভর কত?
ⓚ ২৫% ⓚ ৫০%
ⓖ ৭৫% ⓖ ৯০%

৩৯. জনাব সাকিবের পত্রকোষ আয় কত?
ⓚ ১০.৫% ⓚ ১২.৫%
ⓖ ১৩.৫% ⓖ ২৬%

৪০. তারল্য বৃদ্ধি পেলে—
i. মুনাফা হ্রাস পায়
ii. মুনাফা বৃদ্ধি পায়
iii. আয় হ্রাস পায়
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

উত্তর

| | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ ⓚ | ২ ⓚ | ৩ ⓚ | ৪ ⓖ | ৫ ⓚ | ৬ ⓚ | ৭ ⓚ | ৮ ⓚ | ৯ ⓚ | ১০ ⓖ | ১১ ⓚ | ১২ ⓖ | ১৩ ⓖ | ১৪ ⓚ | ১৫ ⓚ | ১৬ ⓚ | ১৭ ⓚ | ১৮ ⓚ | ১৯ ⓖ | ২০ ⓚ |
| ২১ ⓚ | ২২ ⓚ | ২৩ ⓚ | ২৪ ⓖ | ২৫ ⓖ | ২৬ ⓚ | ২৭ ⓖ | ২৮ ⓚ | ২৯ ⓚ | ৩০ ⓚ | ৩১ ⓚ | ৩২ ⓖ | ৩৩ ⓖ | ৩৪ ⓚ | ৩৫ ⓚ | ৩৬ ⓚ | ৩৭ ⓖ | ৩৮ ⓖ | ৩৯ ⓖ | ৪০ ⓚ |

http://teachingbd.com